

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর  
www.dgc.edu.bd  
স্থাপিত-১৯৪২ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি নম্বর: দিসক/দিনাজ/একাদশ শ্রেণি ভর্তি ২০২২-২০২৩/২০২৩/১৮

তারিখ: ০৫ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ  
১৯ জানুয়ারি, ২০২৩ খ্রিস্টাব্দ

**২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি সংক্রান্ত সংশোধিত জরুরি বিজ্ঞপ্তি**

যে সমস্ত শিক্ষার্থী দিনাজপুর সরকারি কলেজে ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত হয়েছে কেবলমাত্র তারা দিনাজপুর সরকারি কলেজের ওয়েবসাইট [www.dgc.edu.bd](http://www.dgc.edu.bd) এর Admission লিংকে টুকে Online Admission প্রবেশ করে Higher Secondary Admission মেন্যুতে প্রবেশ করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং একই মেন্যুতে (Admission) বৃত্তি/উপবৃত্তি ফরম পাওয়া যাবে। অতঃপর (ডাচ বাংলা ব্যাংক) DBBL এর Nexus Pay বিভিন্ন অপশন (Rocket/Nexus Debit এর যে কোন একটি সিলেক্ট করে পেমেন্ট নিশ্চিত করতে হবে এবং ধারাবাহিকভাবে প্রতিটি ফরম পূরণ করতে হবে।

১। DBBL (ডাচবাংলা ব্যাংকিং) Nexus Pay অপশন এর Rocket/DBBL Nexus Debit/DBBL Master Debit/ DBBL VISA Debit/VISA/Master Card মাধ্যমে ভর্তির জন্য টাকা জমা করতে হবে।

**ভর্তি প্রক্রিয়া ও ফি প্রদান নিয়মাবলী কপি সংযুক্ত**

২। ভর্তির জন্য নিম্নোক্ত নির্ধারিত ফি জমা দিয়ে ভর্তি কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।

বিজ্ঞান শাখা	মানবিক	ব্যবসায় শিক্ষা শাখা
২৩২৪/-	২১২৪/-	২১২৪/-

৩। ভর্তির তারিখ: ২২/০১/২০২৩ হতে ২৬/০১/২০২৩ পর্যন্ত।

৪। যে সমস্ত শিক্ষার্থী মুক্তিযোদ্ধা, শিক্ষা ও অন্যান্য কোটায় নির্বাচিত হয়েছে শুধুমাত্র তাদেরকে উপযুক্ত প্রমাণপত্রসহ আগামী ২৩/০১/২০২৩ থেকে ২৪/০১/২০২৩ তারিখ সকাল ১০:০০ টা হতে দুপুর ০২:০০ টার মধ্যে ভর্তি কমিটির সদস্য জনাব মো. মিজানুর রহমান, প্রভাষক, প্রাণিবিদ্যা (০১৭১৭৫৫১৭৪৮) অথবা জনাব আহাম্মদ আলী, শরীরচর্চা শিক্ষক (০১৭১৮১৬৮০৯৮) এর নিকট প্রয়োজনীয় কাগজপত্র যাচাই সাপেক্ষে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

৫। ভর্তিকৃত শিক্ষার্থীদের কলেজ ওয়েবসাইটে প্রদর্শিত সকল শিক্ষার্থীর বৃত্তি ও উপবৃত্তি ফরম সঠিকভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে এককপি শিক্ষার্থী ফরমসহ নিম্নোক্ত কাগজপত্র আগামী ২৩/০১/২০২৩ ও ২৪/০১/২০২৩ তারিখ বিজ্ঞান শাখা, ২৫/০১/২০২৩ তারিখ মানবিক শাখা এবং ২৬/০১/২০২৩ তারিখ ব্যবসায় শিক্ষা শাখার শিক্ষার্থীদের উচ্চ মাধ্যমিক শাখায় সকাল ১০:০০ টা থেকে দুপুর ০২:০০ টার মধ্যে জমা দিতে বলা হলো।

(ক) এসএসসি/সমমান পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/ডাউনলোডকৃত ট্রান্সক্রিপ্টের কপি ও সত্যায়িত ফটোকপি-০২ কপি।

(খ) এসএসসি/সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের মূল কপি।

(গ) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্রের মূল কপি।

(ঘ) শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্রের সত্যায়িত ফটোকপি-০২ কপি।

(ঙ) পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি রঙ্গিন ছবি (সত্যায়িত ছাড়া)।

(চ) পাঠ বিরতির ক্ষেত্রে ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক পাঠ বিরতির সনদপত্র ০১ (এক) কপি।

(ছ) শিক্ষার্থীর জন্মসনদের সত্যায়িত ফটোকপি ০১ (এক) কপি।

(জ) পিতা/মাতা/অভিভাবকের জাতীয় পরিচয়পত্র ও জন্মনিবন্ধনের সত্যায়িত ফটোকপি-০১ কপি।

(ঝ) বোর্ডবৃত্তি প্রাপ্তদের বৃত্তি প্রাপ্তির তালিকা প্রমাণক হিসেবে সংযুক্ত করতে হবে (শিক্ষার্থীদের নামসম্বলিত পাতা ও বৃত্তির ধরণ সংক্রান্ত পাতা সংযুক্ত করতে হবে)।

বিঃদ্র: সকল কাগজপত্র একটি A4 সাইজের খামে জমা দিতে হবে (খামের বাম পার্শ্বে শিক্ষার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, শাখা, রোল নম্বর, ৪র্থ বিষয়, শিক্ষার্থীর ও অভিভাবকের মোবাইল নম্বর লিখতে হবে)।

সংযুক্ত: ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি সংক্রান্ত শিক্ষার্থীদের তথ্য ফরম।

প্রয়োজনে: জনাব মো. মুর্তাজা আলী, সহযোগী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান (০১৫৫৮৩০২৩৫২), জনাব মো. জাহিদ হাসান, সহকারী অধ্যাপক, সমাজবিজ্ঞান (০১৭১৬৮১৫৭৯৭), জনাব মো. মিজানুর রহমান (০১৭১৭৫৫১৭৪৮) ও জনাব আহাম্মদ আলী, শরীরচর্চা শিক্ষক (০১৭১৮১৬৮০৯৮)

প্রতিস্বাক্ষর  
২২/০১/২০২৩  
অধ্যক্ষ  
দিনাজপুর সরকারি কলেজ  
দিনাজপুর

(মো. মুর্তাজা আলী)  
আহ্বায়ক  
একাদশ শ্রেণি ভর্তি কমিটি ২০২২-২০২৩  
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর